যুগান্তর

7 FEB 2017
পৃ-6 ... 2

আন্দোলনে 'দুর্ব্যবহার' শিক্ষার্থীদের

# এবার শিক্ষকদের ধর্মঘটে অচল রুয়েট

**রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি**

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রুয়েট) ক্রেডিট প্রথা বাতিল দাবির আন্দোলনে ভিসিসহ অন্তত ২৫ শিক্ষককে অবরুদ্ধ রেখে দুর্ব্যবহার করার প্রতিবাদে এবার অনির্দিষ্টকালের জন্য ক্লাস-পরীক্ষা বর্জন কর্মসূচিতে নেমেছেন শিক্ষকরা। শিক্ষার্থীদের আন্দোলনে উসকানিদাতা, নেতৃত্বদানকারী এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে শিক্ষকদের নিয়ে নোংরামিতে জড়িতদের শাস্তির দাবিতে মাঠে নেমেছেন শিক্ষকরা। শিক্ষকদের কর্মসূচিতে সোমবার রুয়েটে ১৪টি বিভাগে কোনো ক্লাস-পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। ফলে ২৮ জানুয়ারি থেকে শুরু হওয়া শিক্ষার্থীদের আন্দোলন এবং পরে শিক্ষকদের ক্লাস বর্জন কর্মসূচিতে রুয়েটের শিক্ষা কার্যক্রম অচল হয়ে পড়েছে। শিক্ষার্থীদের আন্দোলনের পর শিক্ষকরা শিক্ষার্থীদের শাস্তির দাবি জানিয়ে কর্মসূচি ঘোষণা করায় শিক্ষক-শিক্ষার্থী মুখোমুখি হয়ে পড়েছে। এতে শিক্ষা কার্যক্রমে নেতিবাচক প্রভাবের শংকা বিরাজ করছে। ক্লাস বর্জন করে সোমবার সকাল ১০টায় রুয়েট শিক্ষক সমিতির সদস্যরা বিশ্ববিদ্যালয় প্রশাসন ভবনের সামনে অবস্থান নেন। কর্মসূচি চলাকালে রুয়েট শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. নীরেন্দ্রনাথ মুস্তাফী বলেন, 'শিক্ষকদের জিম্মি করে দাবি আদায়ে উসকানিদাতা এবং শিক্ষকদের নিয়ে ফেসবুকে অশালীন মন্তব্যকারীদের বিরুদ্ধে ব্যবস্থা না নেয়া পর্যন্ত আন্দোলন চলবে।' শিক্ষার্থীরা এ বিষয়ে ক্ষমা প্রার্থনা করেছে জানালে নীরেন্দ্রনাথ মুস্তাফী বলেন, 'যখন শিক্ষার্থীরা ক্ষমা চেয়েছে, তখন কোনো শিক্ষক উপস্থিত ছিলেন না। আর সেটা ক্ষমা চাওয়ার উপযুক্ত মঞ্চও নয়।